

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
স্মারক নং-	তারিখঃ	০৩/১১/২০	
৭০১৬		স্বাক্ষরঃ HATUN	
		Abil	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেনুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-১



মুজিববর্ষের অঙ্গীকার
গণপূর্ত টেকসই উন্নয়নের রূপকার।

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.২২.১০৭.২০২০-১৬১১

তারিখঃ

১৬ কার্তিক ১৪২৭
০৯ নভেম্বর ২০২০

অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে গৃহিত বিভিন্ন পদক্ষেপের মধ্যে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য ইতোমধ্যে স্মারক ২৫.৩৬.০০০০.২১৫.২২.১০৭.২০২০-৯৪২ তারিখ ০৩ সেপ্টেম্বর ২০২০ এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া অধিকতর স্বচ্ছতা ও দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে অত্র অধিদপ্তরের আওতায় সম্পাদিত সকল “কার্য সম্পাদন সনদ” (Work Completion Certificate) e-system এ জারী (Issue) এবং যাচাই (Verification) এর উদ্যোগ গ্রহন করা হয়েছে। এ লক্ষ্যে “কন্ট্রোলার ডাটাবেজ এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম” নামে একটি Application Software প্রস্তুত করা হয়েছে যা গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে (Address: www.pwd.gov.bd) সংযোজিত হয়েছে। অত্র অধিদপ্তরের সংশ্লিষ্ট ক্রয়কারীগণ (Procuring Entity) বর্নিত Application Software ব্যবহার করে এই “কার্য সম্পাদন সনদ” (Work Completion Certificate) জারী (issue) ও যাচাই (verify) করতে পারবেন। প্রস্তুতকৃত Application Software এর ব্যবহার ও যথাযথ রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি ব্যবহার বিধি প্রণয়ন করা হয়েছে এবং এটিও গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে ইতোমধ্যে আপলোড করা হয়েছে। অধিকন্তু এখন থেকে জারীকৃত সকল “কার্য সম্পাদন সনদ” (Work Completion Certificate) এর ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অবশ্যই প্রতিপালন করতে হবেঃ

১। আগামী ১০ নভেম্বর ২০২০ তারিখ থেকে সমস্ত “কার্য সম্পাদন সনদ” (Work Completion Certificate) গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইট এর সংশ্লিষ্ট Application Software এর মাধ্যমে (Digital Memo নম্বরসহ) জারী করতে হবে এবং এই তারিখের পর বর্তমানে প্রচলিত প্রক্রিয়ায় (Digital Memo নম্বর বিহীন) জারীকৃত কোন সনদ অত্র অধিদপ্তরের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়ায় গ্রহন/বিবেচনা করা যাবেনা।

২। আগামী ১০ নভেম্বর ২০২০ তারিখ হতে পূর্ববর্তী ৫ বছরের গণপূর্ত অধিদপ্তর হতে জারীকৃত সকল “কার্য সম্পাদন সনদ” (Work Completion Certificate) www.pwd.gov.bd ওয়েব সাইটের “কন্ট্রোলার ডাটাবেজ এন্ড ম্যানেজমেন্ট” অংশে আগামী ১৫ ডিসেম্বর, ২০২০ তারিখের পূর্বে আপলোড সম্পন্ন করতে হবে। এই তারিখের পর আর কোন Certificate upload করা যাবেনা। এক্ষেত্রে এই ওয়েবসাইটে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক জারীকৃত ও সংযোজিত কার্যসম্পাদন সনদ এর বাইরে অন্য কোন সনদ দরপত্র মূল্যায়ন প্রক্রিয়ায় গ্রহন/বিবেচনা করা যাবেনা।

(মোঃ আশরাফুল আলিম)

প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ce@pwd.gov.bd

১৬/১১/২০

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

- ০১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (গওবিপ্র)/ (স্বাস্থ্য উইং)/ (ই/এম)(ইএম পিএন্ডডি) /, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল- ।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ..... ।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। গার্ড কপি।